



স্মারক নং-৫৬.০১.০০০০.১১২.০৩.০০১.১৩-১৪৯০

তারিখঃ ২৪.১১.২০১৫ ইং

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাস্তবায়নধীন “Capacity Building on ITEE Management” শীর্ষক প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য নিম্নবর্ণিত পদে সরকারি বিধি মোতাবেক নিম্নোক্ত পদের পাশে বর্ণিত সাকুল্য বেতনে নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রমিক	পদের নাম	সাকুল্যে বেতন/ বেতন গ্রেড	পদের সংখ্যা	যোগ্যতা
১.	হিসাবরক্ষক	সাকুল্যে বেতন, জাতীয় বেতন স্কেল এর গ্রেড-১৩ অনুযায়ী	১টি	স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে কমপক্ষে দ্বিতীয় বিভাগে স্নাতক বা সম মানের ডিগ্রিসহ কম্পিউটারের কাজে দক্ষতা।

শর্তাবলীঃ

- ১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ২। আবেদনকারীকে প্রকল্পের ওয়েব সাইট www.bditec.gov.bd হতে নির্ধারিত ফরম ডাউনলোড করে পূরণকৃত ফরম স্বাক্ষরসহ আবেদনপত্র প্রেরণ করতে হবে। নিয়োগ সংক্রান্ত সকল তথ্য www.bditec.gov.bd ওয়েব সাইট এ প্রকাশ করা হবে।
- ৩। প্রার্থীর বয়সসীমা ১৭ ডিসেম্বর ২০১৫ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। বয়সর ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ৪। আবেদনপত্রের সাথে সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজ ছবি (ছবির পেছনে নামসহ) সংযুক্ত করতে হবে।
- ৫। প্রার্থীর ছবি ও পূরণকৃত আবেদনপত্র ব্যতীত অন্য কোন সনদ বা প্রমাণ পত্রের অনুলিপি আবেদনের সাথে সংযুক্ত করার প্রয়োজন নেই। মৌখিক পরীক্ষার সময় আবেদনে উল্লেখিত সকল তথ্য প্রমাণের জন্য সনদ বা প্রমাণ পত্রের মূল কপি এক সেট অনুলিপি (প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) সাথে আনতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবী ও সিল থাকতে হবে।
- ৬। আবেদনপত্র আগামী ১৭ ডিসেম্বর ২০১৫ তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে প্রকল্প পরিচালক “Capacity Building on ITEE Management” প্রকল্প, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, বিসিসি ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭ এই ঠিকানায় পৌছাতে হবে। খামের উপর পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।

- ৭। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৮। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগ প্রাপ্ত হলে এবং পরবর্তীতে যে কোন সময় তা প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৯। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী নীতিমালা এবং নিয়োগ সংক্রান্ত অন্যান্য সরকারী বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।
- ১০। সরকারী, আধা সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে পৌছাতে হবে। এক্ষেত্রে কোন অগ্রীম কপি গ্রহণযোগ্য হবে না।
- ১১। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১২। আবেদনপত্র গ্রহণ, বাতিল এবং নিয়োগ বাতিলসহ সকল ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয় কোন আপত্তি উত্থাপন করা যাবে না।
- ১৩। উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জন প্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বিধি বিধান প্রযোজ্য হবে।
- ১৪। নির্বাচিত প্রার্থীদের তালিকা আগামী ২২ ডিসেম্বর ২০১৫ তারিখ www.bditec.gov.bd এর ওয়েবসাইটে প্রকাশ করা হবে। লিখিত ও ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) আগামী ২৬ ডিসেম্বর ২০১৫ তারিখ সকাল ৯:৩০ ঘটিকায় বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, বিসিসি ভবন, আগারগাঁও, ঢাকায় অনুষ্ঠিত হবে। পরীক্ষার প্রবেশপত্র ওয়েব সাইট থেকে ডাউনলোড করা যাবে এবং পরীক্ষার দিন সকাল ৯:০০ ঘটিকায় বিসিসি ভবন থেকে সংগ্রহ করা যাবে।

(মোহাম্মদ এনামুল কবির)
প্রকল্প পরিচালক
ফোন: ৮১৮১০৩৩